

অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-৪ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০২২.১৪-২৬৭

তারিখ: ২১ বৈশাখ, ১৪২২
০৪ মে, ২০১৫


বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ২৭ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৫.১১.০৩৬.১৩-২৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের নির্বাচনী এলাকা ৯১ মাগুরা-১ আসনটি ০৯ মার্চ, ২০১৫ তারিখ শূন্য ঘোষণা করা হয়। আগামী ৩০ মে, ২০১৫ খ্রিঃ তারিখ শনিবার উক্ত নির্বাচনী এলাকার ভোট গ্রহণের দিন ধার্য করা হয় (পত্র পৃষ্ঠা-০৬)। উক্ত নির্বাচন উপলক্ষ মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় নির্বাচনী এলাকার আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ কার্যক্রম এবং নির্বাচনী আচরণবিধি লংঘন সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত ০৪ (চার) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে (পত্র পৃষ্ঠা-০৭)। উক্ত ম্যাজিস্ট্রেটগণের মধ্যে ০১ (এক) জন প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১২ মে, ২০১৫ খ্রিঃ তারিখ হতে ভোট গ্রহণের পরের দিন অর্থাৎ ৩১ মে, ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২০ (বিশ) দিনের জন্য আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালন করবেন এবং অবশিষ্ট ০৩ (তিন) জন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে নির্বাচনী এলাকায় ভোটগ্রহণের পূর্বের ০২ (দুই) দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ২৮ মে, ২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩১ মে, ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ০৪ (চার) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।


(শাহানারা ইয়াসমিন লিলা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট

মাগুরা।

অনুলিপি:

০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, আইন)।

০২। বিভাগীয় কমিশনার, খুলনা।

✓ ০৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।